# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩১৬৬

পর্ব-১৩: বিবাহ (كتاب النكاح)

পরিচ্ছেদঃ ৪. প্রথম অনুচ্ছেদ - যে নারীদেরকে বিয়ে করা হারাম

بَابُ الْمُحَرَّمَاتِ

## আরবী

وَفِي أُخْرَى لِأُمِّ الْفَضْلِ قَالَ: «لَا تُحَرِّمُ الإملاجة والإملاجتان» . هَذِه رِوَايَات لمُسلم

## বাংলা

৩১৬৬-[৭] উম্মুল ফাযল (রাঃ)-এর অপর বর্ণনায় আছে, (তিনি বলেন) একবার বা দু’বার (দুধপানের জন্য) মুখে (স্তনে) প্রবেশ করানোর ফলে হারাম হয় না। (উপরোক্ত তিনটি হাদীস ইমাম মুসলিম বর্ণনা করেছেন)[1]

## ফুটনোট

[1] সহীহ : মুসলিম ১৪৫১, নাসায়ী ৩৩০৮, আহমাদ ২৬৮৬৭, দারিমী ২২৯৮, ইরওয়া ২১৪৯, সহীহ আল জামি‘ ৭২৪০।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: এক বর্ণনায় রয়েছে, লোকটি বলল, ইয়া রসূল্লাল্লাহ! এক ঢোক দুধ পান করলেই কি হারাম হয়ে যাবে? তিনি বললেন, না। ‘আয়িশাহ্ (রাঃ)-এর অপর বর্ণনায় রয়েছে, এ ব্যাপারে কুরআন নাযিল হয়েছে তাতে ১০ ঢোক পান করলে দুধ মা সাব্যস্ত হবে, এর পরবর্তীতে ৫ ঢোক মানসূখ করা হয়। এরপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ইনতিকাল করলেন, এ ব্যাপারে এমনই ছিল। (শারহে মুসলিম ৯/১০ খন্ড, হাঃ ১৪৫১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ উম্মু ফাযল (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=68493

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন